



ঈদুল ফিতর জৈব-নিরাপত্তা

ফেব্রুয়ারি 2024



জৈব-নিরাপত্তা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

বিদেশ থেকে নিয়ে আসা খাবার, উদ্ভিজ্জ সামগ্রী ও প্রাণিজ পণ্য অস্ট্রেলিয়াতে বিশ্বের সবচেয়ে ক্ষতিকর কিছু কীটপতঙ্গ ও রোগ নিয়ে আসতে পারে। এটি আমাদের অনন্য পরিবেশ এবং মূল্যবান কৃষি ও পর্যটন শিল্পকে ধ্বংস করে ফেলতে পারে।

যদি আপনার বিদেশ থেকে আসার অথবা বিদেশ থেকে ডিজিটর আসার কথা থাকে, তাহলে আপনি, আপনার পরিবার, ও ডিজিটররা অস্ট্রেলিয়ার কঠোর জৈব নিরাপত্তা আইন সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ।

যদি আপনি রমজান মাসে ডাকযোগে ঈদ-উল-ফিতরের উপহার পাওয়ার আশা করেন, তাহলে সেগুলো ডাকযোগে পাঠানোর আগে বিদেশে থাকা আপনার পরিবার ও বন্ধুদেরকে চেক করে দেখতে বলুন যে পণ্যগুলোর অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি রয়েছে কিনা। ডাকযোগে পাঠানো পণ্যগুলোর ঘোষণার লেবেলে সব পণ্যের সঠিক তালিকা অবশ্যই প্রদান করতে হবে, যাতে সেগুলো সীমান্তে মূল্যায়ন করা যায়।


আমরা যেভাবে জৈব নিরাপত্তার ঝুঁকিতে থাকা পণ্যগুলো অস্ট্রেলিয়ায় প্রবেশ করা বন্ধ করি

যেসব আইটেম কীটপতঙ্গ ও রোগ নিয়ে আসতে পারে সেগুলো শনাক্ত করার জন্য ব্যাগেজ ও বিদেশ থেকে ডাকযোগে আসা সামগ্রীগুলো মূল্যায়ন করা হয়। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে বায়োসিকিউরিটি অফিসাররা ভ্রমণকারীদেরকে প্রশ্ন জিজ্ঞেস করা, অথবা এক্স-রে, শনাক্তকারী কুকুর এবং/অথবা ম্যানুয়াল ইন্সপেকশনের মাধ্যমে মালামাল স্ক্রিনিং করা।

যেসব পণ্যের জৈব নিরাপত্তা ঝুঁকি আছে

ঈদুল ফিতরের যেসব উপহারের মধ্যে জৈব নিরাপত্তা ঝুঁকি থাকতে পারে সেগুলোর মধ্যে রয়েছে:

- খেজুর, ডুমুর ও ডালিম সহ তাজা ও শুকনো ফল
- দুগ্ধজাত সামগ্রী, এর মধ্যে রয়েছে বাড়িতে তৈরি মিষ্টি ও দুগ্ধজাত উপাদান রয়েছে এমন ডেজার্ট
- বিস্কুট, কেক ও পাইরুটি যেগুলো ফ্রিজে রাখার প্রয়োজন হয়, অথবা যেগুলোতে মাংসের উপাদান থাকে
- বাদাম
- চা ও ভেষজ সামগ্রী
- চাল, গম, মসুর ডাল, ছোলা ও মটরশুটি সহ শস্য ও ডাল
- পবিত্র পানি
- নিম
- তাজা, শুকনো বা রান্না করা মাংস
- কাঁচা তামাক



অস্ট্রেলিয়াকে কীটপতঙ্গ ও রোগ থেকে সুরক্ষিত রাখতে সাহায্য করুন

- আপনার ঈদুল ফিতরের উপহারগুলো অস্ট্রেলিয়া থেকে কিনুন।
- অস্ট্রেলিয়ায় কোনো পণ্য নিয়ে আসার বা ডাকযোগে পাঠানোর আগে, সেটি অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি আছে কিনা তা agriculture.gov.au/mailling-bringing-goods ওয়েবসাইটে গিয়ে চেক করে দেখুন।
- বিদেশে থাকা আপনার পরিবার ও বন্ধুদেরকে চেক করে দেখতে বলুন যে তারা যেসব উপহার নিয়ে আসতে চায় বা ডাকযোগে পাঠাতে চায় সেগুলো অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য অনুমোদিত কিনা।

অস্ট্রেলিয়ায় ভ্রমণ

অস্ট্রেলিয়ায় ভ্রমণের সময় আপনাকে অবশ্যই যা করতে হবে:

- যদি আপনি খাদ্য, উদ্ভিজ্জ সামগ্রী বা প্রাণিজ সামগ্রী বহন করেন তাহলে আপনার ইনকামিং প্যাসেঞ্জার কার্ডে সততার সাথে তা ঘোষণা করতে হবে। মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য দেওয়া একটি গুরুতর অপরাধ। এসব আইটেম সম্পর্কে ঘোষণা দিতে ব্যর্থ হলে গুরুতর শাস্তি আরোপ করা হতে পারে।
- আপনি হয়তো বহন করছেন এমন যেকোনো খাদ্য, উদ্ভিজ্জ সামগ্রী বা প্রাণিজ সামগ্রী জন্য “Yes” চিহ্নিত করুন।

আপনি নিশ্চিত না হলে, একজন বায়োসিকিউরিটি অফিসারের সাথে কথা বলার জন্য আপনার ইনকামিং প্যাসেঞ্জার কার্ডে “Yes” চিহ্নিত করুন।

উপহার সহ যেসব পণ্য সম্পর্কে ঘোষণা দেওয়া প্রয়োজন সেগুলো আপনার লাগেজের উপরের অংশে প্যাক করা উচিত যাতে সেগুলো একজন বায়োসিকিউরিটি অফিসার দ্বারা পরিদর্শনের জন্য প্রস্তুত থাকে।

ঘোষিত আইটেমগুলো পরিশোধন বা রপ্তানি করার (আপনার খরচে) অথবা ধ্বংস করে ফেলার প্রয়োজন হতে পারে। যেসব পণ্য জৈব নিরাপত্তা ঝুঁকি তৈরি করে না সেগুলো আপনাকে ফেরত দেওয়া হবে।

যদি আপনি কোনো বায়োসিকিউরিটি অফিসারকে বা আপনার ইনকামিং প্যাসেঞ্জার কার্ডে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করেন, অথবা যদি আপনি মালামাল সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ হন বা বায়োসিকিউরিটি অফিসারের দেওয়া নির্দেশনা মেনে চলতে ব্যর্থ হন, তাহলে:

- আপনাকে একটি লঙ্ঘনের নোটিশ দেওয়া হতে পারে
- আপনি দেওয়ানী শাস্তির জন্য শুনানির সম্মুখীন হতে পারেন, এবং/ অথবা
- ফৌজদারি অপরাধের জন্য আপনার বিচার করা হতে পারে।

আপনার ভিসাও বাতিল করা হতে পারে, যদি এমনটি হয় তাহলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে দেয়া হবে না এবং আপনি হয়তো তিন বছর পর্যন্ত অস্ট্রেলিয়ায় ফিরে আসতে পারবেন না।

যদি আপনি সব মালামালের ঘোষণা দেন এবং সেগুলো দেখান, তাহলে জৈব-নিরাপত্তা আইন 2015 এর অধীনে আপনাকে দণ্ডিত করা হবে না, এমনকি সেগুলো অস্ট্রেলিয়াতে অনুমোদিত না হলেও।



ফোন 1800 900 090 অথবা
+61 3 8318 6700 (অস্ট্রেলিয়ার বাইরে থেকে)



আরো তথ্যের জন্য
agriculture.gov.au/travelling-mailing

ফেসবুক: Australian Biosecurity
ইনস্টাগ্রাম: @australianbiosecurity